

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং- স্থাসবি/জেপশা/জেপ-৬১/২০০৯/৬২৬

১৭ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ
তারিখঃ ৩০ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ সুনামগঞ্জ পৌরসভার কেন্দ্রীয় বাস টার্মিনাল হস্তান্তরসহ ব্যবস্থাপনার ভার সুনামগঞ্জ পৌরসভার উপর ন্যস্তকরণ সংক্রান্ত।

সূত্রঃ সুনামগঞ্জ পৌরসভা কার্যালয়ের স্মারক নং-পৌর/সুনাম/প্রশাঃ/সাধাঃ/২০১৭/২০১৭/২৫৩৩, তারিখঃ ২৬/১০/২০১৭।

সুনামগঞ্জ কেন্দ্রীয় বাস টার্মিনালটি সুনামগঞ্জ পৌরসভার অনুকূলে স্থানান্তর ও ব্যবস্থাপনার ভার পৌরসভার অনুকূলে ন্যস্ত করার জন্য মেয়র, সুনামগঞ্জ পৌরসভা অনুরোধ জানান। ইতোপূর্বে সুনামগঞ্জ জেলা পরিষদ ও পৌরসভার মধ্যে সম্পাদিত চুক্তি অনুযায়ী বাস টার্মিনালের ব্যয় বাবদ জেলা পরিষদের অবশিষ্ট পাওনা ২৫,১১,১০৬ (পঁচিশ লক্ষ এগারো হাজার একশত ছয়) টাকা এককালীন পরিশোধে পৌরসভার সম্মতি রয়েছে মর্মেও পৌরসভার মেয়র জানিয়েছেন।

২। এমতাবস্থায়, মেয়র, সুনামগঞ্জ পৌরসভা এর প্রস্তাব অনুযায়ী জেলা পরিষদের অনুকূলে কিস্তির অবশিষ্ট টাকা এককালীন পরিশোধের শর্তে সুনামগঞ্জ কেন্দ্রীয় বাস টার্মিনালটি পৌরসভার অনুকূলে হস্তান্তরের বিষয়ে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(আনজুমান আরা)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, সুনামগঞ্জ।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, সুনামগঞ্জ।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।